**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 11-05-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

## Headlines :

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সোমনাথ অমৃত পর্ব উদযাপনে আজ গুজরাটের সোমনাথ মন্দিরে প্রার্থনা ও পূজা সম্পন্ন করেছেন।**

**(২) সারা দেশের সঙ্গে আজ রাজ্যেও সোমনাথ অমৃত পর্ব উদযাপন করা হয়।**

**(৩) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, আসাম রাইফেলস ও ভারতীয় সেনা বাহিনী নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করছে।**

**(৪) ভিবি-জি রাম জি আইন আগামী পয়লা জুলাই থেকে সারা দেশের গ্রামীণ এলাকায় কার্যকর হবে।**

**(৫) রাজ্য নির্বাচন কমিশন এডিসির ভিলেজ কমিটি নির্বাচনের জন্য আজ ভোটকেন্দ্রের খসড়া তালিকা প্রকাশ করেছে।**

****************************************

**Somnath Temple–PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সোমনাথ অমৃত পর্ব উদযাপনের সময় আজ গুজরাটের সোমনাথ মন্দিরে প্রার্থনা ও পূজা সম্পন্ন করেছেন। সংস্কারকৃত এই মন্দিরের উদ্বোধনের ৭৫ বছর পূর্তি উপলক্ষে আজ মহাপূজা অনুষ্ঠিত হয়। এরপর কুম্ভাভিষেক ও পতাকা উত্তোলন অনুষ্ঠান সম্পন্ন হয়। এই উপলক্ষে প্রধানমন্ত্রী বলেন যে, সোমনাথ মন্দির অটল বিশ্বাস, দেবত্ব এবং দেশের চিরন্তন আত্মার এক পবিত্র প্রতীক হিসেবে দাঁড়িয়ে আছে। তিনি বলেন, সোমনাথ অমৃত পর্ব শুধু অতীত উদযাপনের উৎসব নয়, বরং এটি আগামী এক হাজার বছর ধরে দেশের অনুপ্রেরণা হয়ে থাকবে।

প্রধানমন্ত্রী বলেন, সোমনাথ মানুষকে মনে করিয়ে দেয়, কোনো জাতি কেবল তখনই দীর্ঘকাল শক্তিশালী থাকতে পারে, যখন সে তার শিকড়ের সঙ্গে সংযুক্ত থাকে।

#######Byte-PM######

আজ সকালে প্রধানমন্ত্রী শ্রী মোদী প্রভাস পতনে এসে হামিরজি গোহিল সার্কেল পর্যন্ত এক কিলোমিটার দীর্ঘ একটি রোডশো করেন। রোডশো চলাকালীন তিনি সমবেত বিশাল জনতাকে অভিবাদন জানান। সোমনাথ মন্দিরের দিকে যাওয়ার পথে ডমরুর ছন্দোবদ্ধ বাদ্যের তালে প্রধানমন্ত্রী এগিয়ে যান এবং ভক্তরা তাঁকে স্বাগত জানান।

****************************

**Somnath Temple-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গুজরাটের বিশ্বখ্যাত সোমনাথ মন্দির পুনর্নির্মানের ৭৫ বছর পূর্তি উপলক্ষ্যে সোমনাথ স্বাভিমান পর্বের রাজ্য ভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন করেন। আজ সকালে আগরতলায় শিব বাড়ি প্রাঙ্গনে আয়োজিত এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, সোমনাথ স্বাভিমান পর্ব উপলক্ষ্যে আগামী এক বছর ধরে রাজ্যেও নানা কর্মসূচী নেওয়া হয়েছে। সোমনাথ মন্দিরের ইতিহাস বিস্তারিত উল্লেখ করে তিনি বলেন, আজকের এই পবিত্র দিনে রাণী অহল্যাবাঈ থেকে শুরু করে যে সকল যুগপুরুষ এবং ভারতীয়রা সোমনাথ মন্দির স্থাপনে সহায়তা করেছেন সেসকল পুণ্যাত্মাদেরও স্মরণ করার দিন। তিনি আশা প্রকাশ করেন এই ধরনের অনুষ্ঠান যুব সমাজের মনে ভারতীয়তাবোধকে আরো সুদৃঢ় করবে এবং ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গঠনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির স্বপ্নকে বাস্তবায়িত করতেও সহায়তা করবে। রাজ্যভিত্তিক অনুষ্ঠানের শুরুতে লক্ষ্মীনারায়ণবাড়ি পুকুর থেকে জলভর্তি ৭৫টি কলস নিয়ে শিববাড়ি পর্যন্ত মহিলাদের একটি শোভাযাত্রাও অনুষ্ঠিত হয়।

******************************

**Somnath Swabhiman-District :**

পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসনের উদ্যোগে খয়েরপুরস্থিত শ্রী শ্রী ত্রিপুরেশ্বরী সেবাধাম পরিসরে আয়োজিত "সোমনাথ স্বাভিমান পর্ব" উদযাপন করা হয়। উপস্থিত ছিলেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, পশ্চিম ত্রিপুরা জেলার জিলা পরিষদের সভাধিপতি বিশ্বজিৎ শীল, বিধায়ক রতন চক্রবর্তী।

খোয়াই জেলাতেও সুভাষ পার্ক কালীবাড়িতে সোমনাথ স্বাভিমান পর্ব উদযাপন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সভানেত্রী অপর্ণা সিংহ রায়, জেলাশাসক রজত পান্থ, অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তী প্রমুখ।

বিশ্রামগঞ্জে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, অতিরিক্ত জেলাশাসক উপেন্দ্র জমাতিয়া। জোড়পুকুর ব্রিজ থেকে বিশ্রামগঞ্জ কালীবাড়ি পর্যন্ত হয় কলসযাত্রা।

সংস্কৃতি মন্ত্রকের পৃষ্ঠপোষকতায় ও তথ্য-সংস্কৃতি দপ্তরের ব্যবস্থাপনায় আজ কৈলাশহরের কৈলাসেশ্বরী কালিবাড়ির নাটমন্দিরে সোমনাথ স্বাভিমান পর্ব উদযাপন করা হয়। বক্তব্য রাখেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। উপস্থিত ছিলেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়।

ধর্মনগরের টাউন কালী বাড়িতে আজ সোমনাথ স্বাভিমান পর্ব উদযাপন করা হয়। উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা, উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্না নাথ, জেলাশাসক চাঁদনী চন্দ্রন প্রমুখ।

উদয়পুরের শিব মন্দিরেও আজ “সোমনাথ স্বাভিমান পর্ব” অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের সূচনা করেন গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়।

****************************

**CM Massage :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জ্বালানির ব্যবহারের ক্ষেত্রে রাজ্যবাসীকে সংযত হবার অনুরোধ জানিয়েছেন। আজ এক অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, পশ্চিম এশিয়ার যুদ্ধের জেরে দেশবাসীর উদ্দেশে

বিশেষ বার্তা দিয়েছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। কারন ভারত তার প্রয়োজনের বেশিরভাগ জ্বালানিই বাইরে থেকে আমদানি করে। তাই পেট্রোল-ডিজেল, রান্নার গ্যাস ব্যবহারের ক্ষেত্রে মিতব্যয়ী হওয়া প্রয়োজন। প্রধানমন্ত্রীর এই বার্তা রাজ্যের মানুষের কাছে ছড়িয়ে দেবার আহবান জানান তিনি।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

******************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, আসাম রাইফেলস ও ভারতীয় সেনা বাহিনী নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করছে। তাই রাজ্য ও দেশের জনগণ সুরক্ষিত রয়েছে। আজ লোকভবনে ৩৫ আসাম রাইফেলস ও ৬৩৭ সাটা ব্যাটারি ইউনিটকে সম্বর্ধনা প্রদান অনুষ্ঠানে তিনি একথা বলেন। রাজ্যপাল বলেন, ১৮৩৫ সালে 'কাছার লেভি' নামে প্রতিষ্ঠিত আসাম রাইফেলস হলো ভারতের প্রাচীনতম আধাসামরিক বাহিনী এবং এর জাতীয়

নিরাপত্তা ব্যবস্থার একটি অপরিহার্য অংশ। 'উত্তর-পূর্বের প্রহরী' এবং 'উত্তর-পূর্বের বন্ধু' হিসেবে খ্যাত এই বাহিনীর প্রধান গুরুত্ব হলো গুরুত্বপূর্ণ ভারত-মায়ানমার সীমান্ত রক্ষা করা, বিদ্রোহ দমন অভিযান পরিচালনা করা এবং উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলিতে অভ্যন্তরীণ নিরাপত্তা বজায় রাখা। তিনি ভারতীয় সেনাবাহিনীর সার্ভেইল্যান্স অ্যান্ড টার্গেট অ্যাকুইজিশন রেজিমেন্টের কাজকর্মেরও প্রশংসা করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ২১ আসাম রাইফেলসের কমান্ডার ব্রিগেডিয়ার নিশান্ত চান্ডেল ও ৭৩ মাউন্টেন ব্রিগেড এর ব্রিগেডিয়ার ধীরজ কুমার সিং প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত ভাষণ রাখেন রাজ্যপালের সচিব ইউ কে চাকমা।

***************************

**VB G Ram G :**

কেন্দ্রীয় সরকার ‘বিকশিত ভারত – রোজগার ও আজীবিকা মিশন (গ্রামীণ) আইন, ২০২৫’ বা ভিবি-জি রাম জি কার্যকর করার জন্য আজ বিজ্ঞপ্তি জারি করেছে। এই আইনটি চলতি বছরের পয়লা জুলাই থেকে সারা দেশের গ্রামীণ এলাকায় কার্যকর হবে। গ্রামোন্নয়ন মন্ত্রক জানিয়েছে, এই আইনটি প্রতি অর্থ বছরে ১২৫ দিনের মজুরিভিত্তিক কর্মসংস্থানের নিশ্চয়তা দেবে। এই আইনটি সময়মতো, স্বচ্ছ এবং জবাবদিহিমূলক মজুরি প্রদানের উপর জোর দেবে। নতুন এই আইনে নির্ধারিত সময়ের মধ্যে কাজ না পেলে বেকার ভাতা প্রদানেরও বিধান রয়েছে।

**************************

**Village Committee :**

রাজ্য নির্বাচন কমিশন এডিসির ভিলেজ কমিটি নির্বাচনের জন্য প্রস্তুতি শুরু করেছে। কমিশন আজ ভোটকেন্দ্রের খসড়া তালিকা প্রকাশ করেছে এবং আজ থেকেই ভোট কেন্দ্রের খসড়া তালিকার উপর দাবি ও আপত্তি গ্রহণের কাজ শুরু হয়েছে। তা চলবে আগামী ১৫ই মে পর্যন্ত। দাবি ও

আপত্তির নিষ্পত্তির কাজ শেষ হবে আগামী ১৬ই মে। ভিলেজ কমিটিগুলির ভোটকেন্দ্রের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে আগামী ১৮ই মে।

**************************

**Lok Adalat :**

গত ৯ই মে রাজ্যে দ্বিতীয় জাতীয় লোক আদালতে ১৩ হাজার ৪৬টি মামলার নিষ্পত্তি হয়েছে। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ভিপি দেববর্মা আজ এখবর জানিয়েছেন।

************************

**Cricket for the Blind :**

আসামের বিরুদ্ধে দৃষ্টিহীনদের তিন ম্যাচের ক্রিকেট সিরিজ ৩-০ তে শেষ করলো ত্রিপুরা। আজ তৃতীয় তথা শেষ ম্যাচেও রাজ্যদল জয় পায়। নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে অনুষ্ঠিত খেলায় ত্রিপুরা ২২ রানে জয় পেয়েছে।

***********************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২২.২ ডিগ্রি সেলসিয়াস।

**********************